

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ৪, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পর্যটন উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

গুরোর-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ২৮শে ফেব্রুয়ারি, ২০০১/১৬ই ফাল্গুন, ১৪০৭

এস.আর.ও নং ৫৫ আইন/২০০১—যেহেতু সরকার অত্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং এস.আর.ও ৩১৪-আইন/২০০০, তারিখ ১৮ অক্টোবর, ২০০০ দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকা মিউনিসিপ্যালিটি ঘোষণা করার উদ্দেশ্যে Declaration and Alteration of Municipalities Rules, 1978 অতঃপর “উক্ত Rules” বলিয়া উল্লেখিত, এর Rules '3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাৱ সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি করিবার জন্য বরিশাল জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন;

এবং যেহেতু সরকার এই প্রতিবেদন বিবেচনাত্ত্বে উক্ত Rules এর Rule 4(2) এর অধীনে উক্ত এলাকাসমূহকে মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

যেহেতু Paurashava Ordinance, 1977 (XXXVI of 1977) এর section 4(a) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর Rule 5 এর বিধান মোতাবেক সরকার বরিশাল জেলার আগেলবাড়া উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী ১লা চৈত্র, ১৪০৭ বঙ্গাব্দ মোতাবেক ১৫-০৩-২০০১ ত্রিষ্ঠান্ত হইতে (উক্ত তারিখসহ) মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে ঘোষণা করিল। এই মিউনিসিপ্যালিটি “গৈলা মিউনিসিপ্যালিটি” (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে.এল.নং	দাগ নং
১।	গৈলা	মধ্য শিহিপাশা	১২৯	০১-৮৫৫
২।	গৈলা	উত্তর শিহিপাশা	৭৮	০১-২৭৭৯
৩।	গৈলা	দক্ষিণ শিহিপাশা	১২৮	০১-৬৭২
৪।	গৈলা	গৈলা	১২৭	০১-১১৬০
৫।	গৈলা	পূর্ব সুজনকাটী	১১০	০১-১২৯৯
৬।	গৈলা	কালুপাড়া	৭৯	০১-৯৩০
৭।	গৈলা	পশ্চিম সুজনকাটী	১০৯	০১-৭৮৩
৮।	গৈলা	বুধার	৮৭	০১-১৯৪৯
৯।	বাকাল	মানসী ফুলুশী	৮০	০১-১৬০৫
১০।	বাকাল	যসার (জবসেন)	৮৯	০১-৮৯৬

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ আলী খান
উপ-সচিব(পৌর)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।